



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

mail: pr@nu.edu.bd

তারিখ : ১১.০১.২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

‘সারাদেশে কলেজসমূহের জন্য ১৯ হাজার ভবন নির্মাণ করবে সরকার’

আবুজর গিফারী কলেজের সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

আজ ১১.০১.২০১৮ তারিখ দিনব্যাপী রাজধানী ঢাকা শহরে অবস্থিত আবুজর গিফারী কলেজের প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তিতে আনন্দঘন পরিবেশে সুবর্ণজয়ন্তী অনুষ্ঠান উদযাপিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ। সুবর্ণজয়ন্তীর কর্মসূচির মধ্যে ছিল শিক্ষক, শিক্ষার্থীদের আনন্দ র্যালি, আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

জাতীয় সংগীত পরিবেশন, বেলুন ও পায়রা ওড়ানোর মধ্যদিয়ে সকাল ১০ টায় সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানের সূচনা হয়। কলেজের গভর্নিং বডির সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. ইসরাফিল শাহীন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণে জনাব নুরুল ইসলাম নাহিদ এমপি বলেন, “কলেজ শিক্ষার উন্নয়নে সরকার নিজস্ব অর্থায়নে সারাদেশে ২০১৮ সালে ১৯ হাজার বহুতুল বিশিষ্ট পাকা ভবন নির্মাণের প্রকল্প গ্রহণ করেছে। এরফলে শিক্ষার্থীদের ক্লাস অনুষ্ঠান ও পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে পূর্বের সমস্যার অনেকটা লাঘব হবে।”

বিশেষ অতিথি জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, “জাতীয় বিশ্ববিদ্যালয় বর্তমানে সেশনজট থেকে মুক্তির দ্বারপ্রান্তে। এ বছরের মাঝামাঝি সময় সংবাদ সম্মেলন করে জাতীয় বিশ্ববিদ্যালয়কে সম্পূর্ণ সেশনজটমুক্ত ঘোষণা করা হবে। অধিকন্তু কলেজ শিক্ষার উন্নয়নে জাতীয় বিশ্ববিদ্যালয় ‘মডেল কলেজ’ ও পাঠ্যপুস্তক রচনা প্রকল্প গ্রহণ করেছে।”

সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কলেজ অধ্যক্ষ শিরিন আখতার বানু ও গভর্নিং বডির সদস্য জনাব গোলাম আশ্রাব তালুকদার বক্তব্য রাখেন।



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

mail: pr@nu.edu.bd



(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়